বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

প্রশাসন অনুবিভাগ

## বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১ সালের ৭ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মনজুর হোসেন
রেক্টর

সভার তারিখ : ৩১ অক্টোবর ২০২১

সভার সময় : বিকাল ৩:০০ টা

স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর পরিচালক (প্রশাসন) সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি উপস্থাপন করেন। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য বিষয় আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | ২০২১ সালে অনুষ্ঠিত ৬ষ্ঠ প্রশাসনিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহে কোন পরিবর্তন/সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | প্রবিধানমালা সংশোধন এবং অর্গানোগ্রাম হালনাগাদকরণ | সংশোধিত প্রবিধানমালা এবং অর্গানোগ্রাম অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে সভা আহবান করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি, এমডিএস (সকল) এবং পরিচালক (প্রশাসন) |
| ৩ | কেন্দ্রের জন্য নতুন পদ সৃষ্টি | নতুন পদ সৃষ্টির নিমিত্ত গঠিত কমিটি আগামী ১৫ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে সভা আহবান করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (প্রশাসন) |
| ৪ | শুন্য পদ পূরণ | (ক) বিভিন্ন গ্রেডের ১৬টি পদের মধ্যে ১৪টি নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০২টি পদের নিয়োগ পূর্বের ধারাবাহিকতায় সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (প্রশাসন) |
| | | (খ) ১৮তম ও ২০তম গ্রেডের ৯১টি পদে সরাসরি নিয়োগের জন্য বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৫ | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি | অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ত্রিপক্ষীয় সভা আহবানের জন্য কমিটির আহবায়ক ড. মোহাম্মদ জিয়াউল হক (যুগ্মসচিব)-এর সাথে যোগাযোগ করে দ্রুত সভার তারিখ নিতে হবে। পরবর্তী সভায় সুনির্দিষ্ট অগ্রগতি জানাতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ) |

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬ | ই-নথি কার্যক্রম | (ক) ই-নথি কার্যক্রম অব্যাহত রাখা এবং পরবর্তী সভায় যে কর্মকর্তাদের আইডিতে ৫০টির উর্ধ্বে অনিষ্পন্ন ডাক থাকবে তাদের তালিকা সভায় উপস্থাপন করতে হবে। | সিস্টেম এনালিষ্ট(অ. দা.), সহকারী প্রোগ্রামার-৪ এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী |
| | | (খ) ই-নথির মাধ্যমে নিষ্পত্তিযোগ্য আঞ্চলিক কেন্দ্রের সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। | সিস্টেম এনালিষ্ট(অ. দা.), উপপরিচালক সকল আরপিএটিসি এবংসহকারী প্রোগ্রামার-৪ |
| ৭ | ক্রয় কার্যক্রম ই-জিপি পদ্ধতিতে এবং এপিপি অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করা | (ক) কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরে প্রথম প্রান্তিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ১ম প্রান্তিকের অবশিষ্ট লক্ষ্যমাত্রা ২য় প্রান্তিকের সাথে অর্জন করতে হবে। প্রয়োজনে সকল অনুবিভাগকে অনানুষ্ঠানিক নোটের মাধ্যমে ক্রয়ের চাহিদা প্রেরণের জন্য পুনরায় তাগিদ দিতে হবে। | এমডিএস(ডিএন্ডই)/ পরিচালক(প্রশাসন)/ উপপরিচালক (অর্থ) |
| | | (খ)কেন্দ্রের ক্রয় চাহিদা প্রদানকারী শাখার অনুকূলে কেন্দ্রের ক্রয় শাখা ক্রয় কার্যক্রম সম্পন্ন করে। ক্রয় শাখা পূর্ণাঙ্গ ক্রয়ের একটি ছায়া নথি তৈরি করে ক্রয় সংশ্লিষ্ট চুক্তি বাস্তবায়নের দায়িত্ব চাহিদা প্রদানকারী শাখার অনুকূলে হস্তান্তর করবেন। | সহকারী পরিচালক (ক্রয়) ও ক্রয় সংশ্লিষ্ট শাখা |
| | | গ) আরপিএটিসি রাজশাহীতে ই-জিপির মাধ্যমে ক্রয় কার্যক্রম অব্যাহত আছে। রাজশাহীর ন্যায় ঢাকা, চট্টগ্রাম এবং খুলনা আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের ই-জিপি বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করে ই-জিপি কার্যক্রম শুরু করতে হবে। ৩য় প্রান্তিকের ক্রয় ই-জিপিতে সম্পন্ন করার যাবতীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক (আঞ্চলিক কেন্দ্র, সকল) |
| ৮ | ওয়েবসাইট আপডেট/ আধুনিকায়ন | (ক) এ বিষয়ে বিসিসি এর সাথে যোগাযোগ করে ন্যাশনাল ওয়েব পোর্টালে যুক্ত হওয়ার বিষয়টি অধিকতর পরীক্ষা করে সিদ্ধান্ত নিতে হবে। | সকল কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কমিটি |
| | | (খ) টেকনিক্যাল যন্ত্রপাতি ক্রয়ের জন্য কমিটি গঠনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এবং বিসিসি এর মনোনীত প্রতিনিধি নিয়ে কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন), সিস্টেম এনালিষ্ট (অ. দা.) এবং সহকারী পরিচালক (ক্রয়) |
| ৯ | বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন | ২০২১-২০২২ অর্থবছরের APA এর ২য় ত্রৈমাসিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য সকল অনুবিভাগ ও অধিশাখাকে তাগিদ দিতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট অফিসার এবং সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা/শাখা |

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০ | Citizen Charter হালনাগাদকরণ | (ক) Citizen Charter অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান এবং ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রদর্শনসহ প্রযোজ্যক্ষেত্রে হালনাগাদ করতে হবে। | সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট এবং সংশ্লিষ্ট কর্মকর্তা সকল |
| | | (খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের Citizen Charter মোতাবেক আরপিএটিসি'র সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখা এবং আরপিএটিসি'র দৃশমান স্থানে Citizen Charter প্রদর্শনসহ প্রযোজ্যক্ষেত্রে হালনাগাদ করতে হবে। | পরিচালক (এসটিঅ্যান্ডআরসি), উপপরিচালক আঞ্চলিক কেন্দ্র (সকল) |
| ১১ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) | GRS-এ কার্যক্রম অব্যাহত রাখা এবং GRS-এ প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পন্ন করে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা |
| ১২ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন | (ক) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের নিমিত্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি জনপ্রশাসন মন্ত্রণালয়ে ১৬ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে প্রেরণপূর্বক কেন্দ্রের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| | | (খ) আরপিএটিসিসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনার কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি কেন্দ্রে প্রেরণ এবং শুদ্ধাচার বিষয়ক ফিডব্যাক সভায় আঞ্চলিক কেন্দ্রসমূহের উপপরিচালকগণ অনলাইনে সংযুক্ত থাকবেন। | পরিচালক (এসটিঅ্যান্ডআরসি), উপপরিচালক, আরপিএটিসি (সকল), উপপরিচালক (প্রশাসন) |
| ১৩ | ই-গভার্নেন্স ও ইনোভেশন | (ক) কেন্দ্রের ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিমিত্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| | | (খ) আরপিএটিসিসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল) |
| ১৪ | বিদ্যমান আঞ্চলিক কেন্দ্রসমূহের কার্যক্রম | (ক) আরপিএটিসি, ঢাকার প্রকল্পের জন্য ফিজিবিলিটি স্ট্যাডি ও ডিপিপি প্রণয়নের অনুরোধ জানিয়ে গণপূর্ত অধিদপ্তরকে পত্র দিতে হবে। | সংশ্লিষ্ট কমিটি ও পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) |
| | | (খ) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র সংলগ্ন সরকারি সম্পত্তি আনসারদের অনুকূলের বরাদ্দ বাতিল করে আরপিএটিসি, চট্টগ্রামের অনুকূলে বন্দোবস্ত প্রাপ্তির জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। উক্ত কেন্দ্রের একাডেমিক কাম অফিসার্স ডরমিটরি ও স্টাফ কোয়ার্টারের ৮ম হতে ১০ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের বিদ্যমান নকশা পরিবর্তনের যৌক্তিকতা পর্যালোচনা করে গঠিত কমিটি প্রতিবেদন রেক্টর-এর নিকট দাখিল করবেন। | পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (চট্টগ্রাম) |